# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 19.04.24 Time: 07.35 A.M.**

## বিশেষ বিশেষ খবর –

১) কড়া নিরাপত্তার মধ্যে লোকসভা নির্বাচনের প্রথম দফায় উত্তরবঙ্গের তিনটি আসন – কোচবিহার, জলপাইগুড়ি ও আলিপুরদুয়ারে ভোটগ্রহণ শুরু হয়েছে।
ভোট শুরু হবার আগেই কোচবিহার থেকে একাধিক অপ্রীতিকর ঘটনার খবর মিলেছে।

২) তৃতীয় দফার লোকসভা নির্বাচনের মনোনয়ন দাখিলের সময়সীমা আজ শেষ হচ্ছে।
দ্বিতীয় দফার ভোটের দিন এগিয়ে আসার সঙ্গে সঙ্গে প্রচার এখন তুঙ্গে।

৩) দেশের সংবিধান এবং গণতন্ত্র রক্ষার স্বার্থে সংসদে বামপন্থীদের শক্তি বৃদ্ধির আবেদন জানিয়ে গতকাল প্রকাশিত হয়েছে রাজ্য বামফ্রন্টের নির্বাচনী ইস্তেহার।

৪) দক্ষিণবঙ্গে আগামী সোমবার পর্যন্ত তাপপ্রবাহের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। গাঙ্গেয় পশ্চিমবঙ্গে তাপমাত্রা উঠতে পারে স্বাভাবিকের চার থেকে ৬’ডিগ্রি ওপরে।

ooooooooooooooooooooooooo

কড়া নিরাপত্তার মধ্যে লোকসভা নির্বাচনের প্রথম দফায় উত্তরবঙ্গের তিনটি আসন – কোচবিহার, জলপাইগুড়ি ও আলিপুরদুয়ারে ভোটগ্রহণ শুরু হয়েছে। মোতায়েন রয়েছে ২৬৩ কোম্পানী কেন্দ্রীয় বাহিনী। সব বুথেই ওয়েবকাস্টিং-এর ব্যবস্থা করা হয়েছে। তবে, যেসব বুথে ইন্টারনেট সংযোগে সমস্যা রয়েছে , সেই সব বুথে মাইক্রো অবজার্ভাররা ভোট প্রক্রিয়ার ভিডিওগ্রাফী করবেন।

নির্বাচন কমিশনের সবচেয়ে বেশি নজর থাকছে কোচবিহারের দিকে। এই কেন্দ্রে **১১২** কোম্পানী কেন্দ্রীয় বাহিনী এবং রাজ্য পুলিশের প্রায় ৪ হাজার কর্মী নিরাপত্তার দায়িত্বে রয়েছেন।

আমাদের সংবাদদাতা জানিয়েছেন, সকাল সাতটার আগেই বিভিন্ন বুথে ভোটারদের লাইন দিয়ে দাঁড়িয়ে থাকতে দেখা যায়। একটি বুথ রয়েছে, এমন ভোট কেন্দ্রে মোতায়েন রয়েছেন কেন্দ্রীয় বাহিনীর দুজন জওয়ান। দুটি বুথের ক্ষেত্রে এই সংখ্যা ৪ এবং দুটির বেশি বুথে ৮ জন।  এই কেন্দ্রে ভোটারের সংখ্যা **১৯** লক্ষ ৬৬ হাজারের বেশি।

জলপাইগুড়ি থেকে আমাদের সংবাদদাতা জানিয়েছেন, ১৮ লক্ষ ৮৫ হাজারের বেশি  ভোটদাতা রয়েছে এই কেন্দ্রে। তাদের অনেকেই সকাল সকাল বুথে পৌঁছে গেছেন। ধুপগুড়ি ব্লকে মহিলা পরিচালিত একটি বুথের থিম করা হয়েছে পরিবেশ। একটি প্রতিবেদন -

(ভয়েসকাস্ট – চন্দনা)

আলিপুরদুয়ার কেন্দ্রে ভোটদাতা রয়েছেন, ১৭ লক্ষ ৭৩ হাজারের মতো।

সাত দফা ভোটেই আকাশবাণী কলকাতার কয়েকটি সংবাদের সময় বাড়ছে। আজ দুপুর ১-টা ৪০-এর স্থানীয় সংবাদ এবং বিকেল ৫-টা ১০-এর সংবাদ হবে ১০ মিনিটের। সন্ধে ৭-টা ৫০-এর স্থানীয় সংবাদ হবে ১৫ মিনিটের।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

ভোট শুরু হওয়ার আগেই কোচবিহারের তুফানগঞ্জ ২ নম্বর ব্লকে বারোকোদালির এক নম্বর গ্রাম পঞ্চায়েতে হরিরহাট এলাকায় তৃণমূল

কংগ্রেসের অস্থায়ী নির্বাচনী কার্যালয় পুড়িয়ে দেওয়ার অভিযোগ উঠেছে বিজেপি আশ্রিত দুষ্কৃতিদের বিরুদ্ধে। গত পঞ্চায়েত নির্বাচনে একক সংখ্যা গরিষ্ঠতায় এই পঞ্চায়েতটি দখল করেছিল বিজেপি। তবে, অভিযোগের ব্যাপারে তাদের কোন প্রতিক্রিয়া মেলেনি।

অন্যদিকে, কোচবিহার শহরের ১৮ নম্বর ওয়ার্ডে ভোটারদের ভয় দেখানো, বাড়ি ভাঙচুর ও মারধোরের অভিযোগ উঠেছে তৃণমূল কংগ্রেস আশ্রিত দুষ্কৃতিদের বিরুদ্ধে। এই নিয়ে কিছুটা উত্তেজনা দেখা দেয়। তবে, অভিযোগ অস্বীকার করেছে শাসক দল।

oooooooooooooooooooooooooo

এদিকে, মাথাভাঙায় বাইশগুড়ি হাইস্কুলের ভোট কেন্দ্রে মোতায়েন এক সিআরপিএফ জওয়ানের মৃত্যু হয়েছে। নীলেশ কুমার নীলু নামে বিহারের বাসিন্দা ওই জওয়ানের নাক – মুখ দিয়ে গতরাতে রক্তপাত শুরু হলে দ্রুত তাকে হাসপাতালে নিয়ে যাওয়া হয়। তবে, বাঁচানো যায়নি।

oooooooooooooooooooooooooo

উদয়ন গুহের গতিবিধির ওপর নির্বাচন কমিশন নিয়ন্ত্রণ আরোপ করার পরই তৃণমূল কংগ্রেস, নির্বাচন কমিশনের কাছে কোচবিহারের বিজেপি প্রার্থী নিশীথ প্রামাণিকের বিরুদ্ধে কেন্দ্রীয় বাহিনীকে বেআইনীভাবে ব্যবহার এবং বাড়িতে অস্ত্র ও দুষ্কৃতীদের জড়ো করার অভিযোগ করেছে। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিককে এই মর্মে তাঁরা চিঠি দিয়েছেন বলে জানিয়েছেন দলের নেতা কুনাল ঘোষ।

বাইট

ভোট চলাকালীন উত্তরবঙ্গ উন্নয়ন মন্ত্রীর চলাফেরায় কমিশনের নিয়ন্ত্রণের ব্যাপারে গতকাল শ্রী প্রামাণিক বলেছিলেন, তারপরেও দিনহাটায় হিংসার আশঙ্কা থাকছে।

বাইট

এদিকে ভোটের আগের দিনও কোচবিহারের একাধিক জায়গায় রাজনৈতিক অশান্তির খবর পাওয়া গেছে। দিনহাটা এক নম্বর ব্লকের গোসানিমারি দু নম্বর গ্রাম পঞ্চায়েতের নলধন্দ্রা গ্রামে দুই তৃণমূল কংগ্রেস কর্মীকে বেধড়ক মারধরের অভিযোগ উঠেছে বিজেপির বিরুদ্ধে। তাঁদের মধ্যে গুরুতর আহত একজনকে দিনহাটা মহকুমা হাসপাতালে নিয়ে যাওয়া হয়। যদিও অভিযোগ অস্বিকার করেছে বিজেপি।

অন্যদিকে তুফানগঞ্জ -২ ব্লকের শালবাড়ি -১ গ্রাম পঞ্চায়েতের বাঁশরাজা এলাকায় গতরাতে বিজেপির যুব নেতা মানিক কোঙ্গোরকে মারধরের অভিযোগ উঠেছে শাসক দলের বিরুদ্ধে। অভিযুক্ত তৃণমূল নেতাকে গ্রেপ্তারের দাবিতে বিজেপি কর্মী - সমর্থকরা তুফানগঞ্জ- বোচামারি রাজ্য সড়ক অবরোধ করে বিক্ষোভ দেখান। ঘটনাস্থলে যায় বক্সিরহাট থানার পুলিশ ও কেন্দ্রীয় বাহিনী। আহত বিজেপি কর্মী তুফানগঞ্জ মহকুমা হাসপাতালের চিকিৎসাধীন

ooooooooooooooooooooooooooo

নির্বাচন কমিশনের পরামর্শ এবং উদ্ভুত রাজনৈতিক বিতর্কের প্রেক্ষিতে রাজ্যপাল সি ভি আনন্দ বোস, তাঁর উত্তরবঙ্গ সফর বাতিল করেছেন। প্রথম দফার ভোট শুরু হওয়ার আগে আজ সকালে কালীঘাট মন্দিরে যান তিনি।

ooooooooooooooooooooooooo

তৃতীয় দফার ভোটের জন্য প্রার্থীপদ দাখিলের সময়সীমাও আজ শেষ হচ্ছে। এই দফায় পশ্চিমবঙ্গের চারটি সহ ৯৪টি আসনে ভোট গ্রহণ ৭'ই মে। এরাজ্যের আসনগুলি হল- মালদা উত্তর, মালদা দক্ষিণ, জঙ্গিপুর ও মুর্শিদাবাদ।

একই সঙ্গে মুর্শিদাবাদের ভগবানগোলা বিধানসভা আসনের উপ নির্বাচনেও ভোট নেওয়া হবে ৭-ই মে।

oooooooooooooooooooooooo

ভোটের প্রচারে তৃণমূল কংগ্রেস প্রধান, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ মুর্শিদাবাদে থাকছেন। দলীয় প্রার্থীদের সমর্থনে দুটি জনসভা করবেন তিনি। প্রথমে সভা করবেন হরিহরপাড়ায়, তারপর জঙ্গিপুরে। গতকাল রায়গঞ্জ ও বালুরঘাটে প্রচার সেরে মালদার নারায়ণপুরের একটি হোটেলে আসেন মুখ্যমন্ত্রী। মালদায় শনিবার তাঁর জনসভা করার কথা।

অন্যদিকে বিজেপি প্রার্থী, কেন্দ্রীয় জাহাজ প্রতিমন্ত্রী শান্তনু ঠাকুর আজ নিজের লোকসভা কেন্দ্র বনগাঁয় একাধিক প্রচার কর্মসূচিতে অংশ নেবেন। পূর্ব বর্ধমানের কালনায় তৃণমূল কংগ্রেসের নবগঠিত নির্বাচনী কমিটির বৈঠকে গতকাল যোগ দেন দলের সাধারণ সম্পাদক অভিষেক ব্যানার্জি। পরে সাংবাদিকদের মুখোমুখি হয়ে, দিল্লী আবগারী নীতি কেলেঙ্কারি মামলায় জেলবন্দি অরবিন্দ কেজরিওয়ালের পাশে দাঁড়ান তিনি। বিজেপির সর্বভারতীয় সভাপতি জে পি নাড্ডাকে গ্রেপ্তারের দাবি জানিয়ে অভিষেক বলেন, যে কেলেঙ্কারিতে ১০০ কোটি টাকার দুর্নীতির অভিযোগ উঠেছে, তার ৫৫ কোটি টাকা ইলেক্টোরাল বন্ডের মাধ্যমে গেছে বিজেপির অ্যাকাউন্টে। সেক্ষেত্রে ইডির উচিত জেপি নাড্ডাকেও গ্রেপ্তার করা। নিয়োগ দুর্নীতি কান্ডে অভিযুক্ত সুজয় কৃষ্ণ ভদ্রের ফোন কল রেকর্ডের সঙ্গে তাঁর কণ্ঠস্বরের সংগৃহীত নমুনা মিলে যাওয়া নিয়ে প্রশ্নের জবাবে অভিষেক পাল্টা প্রশ্ন করেন, 'যাঁর সঙ্গে সুজয়কৃষ্ণের কথা হয়েছিল, তাঁকে ইডি গ্রেফাতার করেছে কিনা।

এদিকে, পুলিশ দিয়ে মিছিল আটকানোর অভিযোগ করেছেন পুরুলিয়ার বিজেপি প্রার্থী জ্যোতির্ময় সিং মাহাতো। তাঁর দাবি, বলরামপুরের রাঙ্গাডিতে কর্মী সমর্থকদের নিয়ে চা চক্রে যাবার সময় পুলিশ তাঁকে আটকায়। জানা গেছে, বিজেপি প্রার্থীর সঙ্গে প্রায় ষাটটি মোটর বাইক ছিল। এত বাইক নিয়ে যাবার অনুমতি নেই বলে পুলিশ তাদের আটকাতেই উত্তেজনা ছড়ায়। শুরু হয় তর্কাতর্কি। পরে অবশ্য ছেড়ে দেওয়া হয় তাদের।

oooooooooooooooooooooo

থানায় ঢুকে পুলিশকে হুমকি দেওয়া, থানার গেটে তালা লাগানো সহ একাধিক অভিযোগে অগ্নিমিত্রা পাল সহ ১৬ জন বিজেপি কর্মীর বিরুদ্ধে এফআইআর দায়ের করেছে মেদিনীপুরের কোতোয়ালি থানার পুলিশ।

সম্প্রতি কোচবিহারের এক জনসভায় রামনবমীর মিছিল সম্পর্কে কটূ মন্তব্য করার অভিযোগে মেদিনীপুর লোকসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী অগ্নিমিত্রা পাল গত বুধবার কোতোয়ালি থানায় মুখ্যমন্ত্রীর নামে এফআইআর দায়ের করতে গেলে তুলকালাম কান্ড বাধে। কর্তব্যরত সাব-ইন্সপেক্টরের সঙ্গে বচসায় জড়ান তাঁরা। অভিযোগের প্রাপ্তি স্বীকার করতে ঐ এসআই অস্বীকার করেছেন বলে দাবি করেন অগ্নিমিত্রা। প্রতিবাদে থানার গেটে তালা লাগিয়ে রাস্তায় বসে শুরু হয় বিক্ষোভ অবস্থান। এরপরে সিসি ক্যামেরার ফুটেজ দেখে ১৬ জনের বিরুদ্ধে কোতোয়ালি থানাতেই মামলা রুজু করা হয়।

oooooooooooooooooooo

দেশের সংবিধান এবং গণতন্ত্র রক্ষার স্বার্থে সংসদে বামপন্থীদের শক্তি বৃদ্ধির আবেদন জানিয়ে গতকাল প্রকাশিত হয়েছে রাজ্য বামফ্রন্টের নির্বাচনী ইস্তেহার। ফ্রন্টের চেয়ারম্যান বিমান বসু এই ইস্তেহার প্রকাশ করে বলেন, দেশের বর্তমান পরিস্থিতিতে ধর্ম নিরপেক্ষ গণতন্ত্র রক্ষায় বামপন্থীরাই বিকল্প।

(বাইট – বিমান)

oooooooooooooooooooooooo

দক্ষিণবঙ্গে আগামী সোমবার পর্যন্ত তাপপ্রবাহের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। গাঙ্গেয় পশ্চিমবঙ্গে তাপমাত্রা উঠতে পারে স্বাভাবিকের চার থেকে ৬'ডিগ্রি ওপরে।

আজ থেকে রবিবার পর্যন্ত তাপপ্রবাহের 'কমলা সতর্কতা' থাকছে দুই মেদিনীপুর, ঝাড়গ্রাম, পুরুলিয়া, বাঁকুড়া, বীরভূম ও দুই বর্ধমান জেলায়। ২২ তারিখ দক্ষিণবঙ্গের প্রায় সব জেলাতেই তাপপ্রবাহের সম্ভাবনা।

অন্যদিকে, উত্তরবঙ্গের তিন জেলা- দুই দিনাজপুর ও মালদায় থাকবে অস্বস্তিকর ঘর্মাক্ত আবহাওয়া। উত্তরবঙ্গের বাকি জেলাগুলিতে আগামী বুধবার পর্যন্ত বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর।

কলকাতায় আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২৮ দশমিক ৩ ডিগ্রি সেলিসয়াস, স্বাভাবিকের থেকে ২ ডিগ্রী বেশি।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০